ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -০৯/০৮/২০১৭ ।।

উৎসাহ উদ্দীপনায় মোহনপুরে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

মোহনপুর, ৯ আগষ্ট ।। উৎসাহ উদ্দীপনায় মোহনপুর পুর পরিষদ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গতকাল স্থানীয় সাংস্কৃতিক ভবনে অনুষ্ঠিত হয় । তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন সুভাষ চন্দ্র দেবনাথ। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, লোক সংস্কৃতি উৎসবের মাধ্যমে সর্বত্র সংস্কৃতি চর্চায় বিপুল উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়েছে । এর ধারাবাহিকতা বজায় রাখার উপর তিনি গুরুত্বারোপ করেন । প্রধান অতিথির ভাষণে মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রাকেশ আচার্য লোক সংস্কৃতির চর্চা ও প্রসারে গুরুত্বারোপ করেন । তিনি ছোট ছোট ছেলে-মেয়েদের পড়াশোনার পাশাপাশি সংস্কৃতি চর্চায় উদ্বুদ্ধ করে তোলার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের বক্তব্য রাখেন স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. নির্মল ভদ্র । স্বাগত ভাষণ রাখেন মহকুমা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক। সভাপতিত্ব করেন মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন ঝর্ণা মজুমদার । উপস্থিত ছিলেন উক্ত পুর পরিষদের চেয়ারপার্সন ইন কাউন্সিল মানিক দাস ও মতিলাল দাস, সদস্য উত্তম পাল এবং সদস্যা রূপালী দেবনাথ । অনুষ্ঠানে এলাকার ৭৭ জন শিল্পী ধামাইল, লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

দুর্গাচৌমুহনী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

কমলপুর, ৯ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং দুর্গাচৌমুহনী ব্লকের যৌথ উদ্যোগে গত ৭ ও ৮ আগষ্ট দুর্গাচৌমুহনী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব মানিক ভান্ডারস্থিত সৌমেন্দ্র সূত্রধর মুক্তমঞ্চে অনুষ্ঠিত হয় । ধলাই জিলা পরিষদের সভাধিপতি পরিমল দাস ব্লক ভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করে লোক সংস্কৃতি উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করেন । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক অঞ্জন দাস, দুর্গাচৌমুহনী বি এ সিঞ্চর চেয়ারম্যান সঞ্জিত দেববর্মা, সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের কমলপুর বিভাগের সম্পাদক সুমন সাহা । সভাপতিত্ব করেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মানবেন্দ্র দেব । অনুষ্ঠানে সংশ্লিষ্ট এলাকার শিল্পীরা লোক সঙ্গীত, মনসামঙ্গল, উপজাতি নৃত্য, ধামাইল, মনিপুরী নৃত্য ইত্যাদি পরিবেশন করেন ।

করবুকে স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

করবুক, ৯ আগষ্ট ।। করবুক কমিউনিটি হেলথ সেন্টারের উদ্যোগে চলতি মাসে মহকুমার বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । কর্মসূচি অনুযায়ী আগামী ১৭ আগষ্ট শিবির হবে পতিছড়ি এ ডি সি ভিলেজের যাদব পাড়ায় । ২১ আগষ্ট হরিব্রত পাড়ায় এবং ২৬ আগষ্ট হবে ইচাছড়ি এ ডি সি ভিলেজের অশ্বিনী পুংমা পাড়ায় । সংশ্লিষ্ট এলাকার জনগণকে এই শিবিরগুলিতে উপস্থিত থেকে স্বাস্থ্য পরিষেবার সুযোগ গ্রহণ করার জন্য কমিউনিটি হেলথ সেন্টারের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে ।

স্বাধীনতা দিবস ঃ ধর্মনগরে নানা ক্রীড়া প্রতিযোগিতা

ধর্মনগর, ০৯ আগষ্ট ।। স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচির অঙ্গ হিসেবে ধর্মনগরে চার দিন ব্যাপী বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আগামী ১৩ ও ১৪ আগষ্ট যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ে টেবিল টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । ১৪ আগষ্ট সকাল ৬টায় ধর্মনগর টাউন হল প্রাঙ্গণ থেকে শুরু হবে সংহতি র‍্যালী । এদিন সকাল সাড়ে ১১টায় বীর বিক্রম ইনস্টিটিউশন-এর পুকুরে অনুষ্ঠিত হবে সাঁতার প্রতিযোগিতা । বেলা আড়াইটায় স্পোর্টস অফিস প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে বাস্কেট বল প্রতিযোগিতা। এছাড়া, বি বি আই মাঠে বেলা ৩টায় মহিলাদের চেঞ্জিং বল ও দড়ি টানাটানি প্রতিযোগিতা । ১৫ আগষ্ট সন্ধ্যায় সংহতি মশাল দৌড় শুরু হবে বি বি আই প্রাঙ্গণ থেকে । ১৬ আগষ্ট বি বি আই মাঠে হবে জেলা প্রশাসন ও আরক্ষা প্রশাসন একাদশ-এর মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ । এ উপলক্ষ্যে গতকাল যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ে ক্রীড়া আধিকারিক অমিত যাদবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এই সিদ্ধান্ত হয় । সভায় স্কুল স্পোর্টস বোর্ডের সচিব অসীম মুখার্জী, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের শারীর শিক্ষক-শিক্ষিকাগণ, ধর্মনগর সরকারী মহাবিদ্যালয় ও বিভিন্ন বিদ্যালয়ের এন এস এস ইউনিটের প্রকল্প আধিকারিকগণ উপস্থিত ছিলেন । এই ক্রীড়া কর্মসূচিকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে ।

অম্পিতে স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

উদয়পুর, ০৯ আগষ্ট ।। অম্পিনগর কমিউনিটি হেলথ সেন্টারের উদ্যোগে চলতি মাসে অম্পিনগর এলাকায় ৪টি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী ১২ আগষ্ট শিবির হবে সারথুং মলসুম পাড়ায়, ২২ আগষ্ট বৈথুমরায় বাড়িতে, ২৫ আগষ্ট দেবেন্দ্র পাড়ায় এবং ২৯ আগষ্ট শিবির হবে রামজুহা পাড়ায় । সংশ্লিষ্ট এলাকার জনগণকে স্বাস্থ্য পরিষেবার সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে ।

ধর্মনগরে সাংস্কৃতিক কর্মশালা শুরু

ধর্মনগর, ০৯ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ৭ দিন ব্যাপী ধর্মনগর মহকুমা ভিত্তিক সাংস্কৃতিক কর্মশালা গতকাল থেকে গোল্ডেনভ্যালী বিদ্যালয়ে শুরু হয়েছে । উক্ত বিদ্যালয়ের অধ্যক্ষ এই কর্মশালার উদ্বোধন করেন । উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা দেবাশিস নাথ, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ । কর্মশালায় ১৫০ জন ছাত্র-ছাত্রীকে সঙ্গীত, নৃত্য এবং তবলা বাদনে প্রশিক্ষণ দেওয়া হবে।

যুবরাজনগর ব্লক ভিত্তিক বনমহোৎসব উদযাপিত

ধর্মনগর, ৮ আগষ্ট ।। ৬৮ তম যুবরাজনগর ব্লক ভিত্তিক বনমহোৎসব আজ ব্লকের চিন্তা লোহার সদনে অনুষ্ঠিত হয় । যুবরাজনগর ব্লকের উদ্যোগে এবং বনদপ্তরের সহযোগিতায় এই উৎসব আয়োজিত হয় । বনমহোৎসবের উদ্বোধন করে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি স্বপন কুমার দেবনাথ বনমহোৎসবের প্রয়োজনীয়তা ও গুরুত্ব তুলে ধরেন । তিনি বলেন, বৃক্ষ ছেদনের ফলে ক্রমশ: প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে। প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষ রোপণের পাশাপাশি বৃক্ষকে বাঁচিয়ে তুলতে সকল অংশের মানুষের প্রতি তিনি আবেদন রাখেন।

সভাপতির ভাষণে যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সমীরণ দাস প্রতি বছর জুন-জুলাই মাসে বনমহোৎসবের কর্মসূচিতে প্রত্যেকে কম পক্ষে একটি করে গাছ লাগিয়ে সেই বৃক্ষকে যত্ন সহকারে বাঁচিয়ে বড় করার জন্য তিনি আহ্বান রাখেন । অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন জিলা পরিষদের সদস্য প্রণয় কুমার দেবনাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির সদস্য রাখাল চৌধুরী, বিধান পাল, রাধাপুর পঞ্চায়েতের প্রধান অনামিকা পাল, বনদপ্তরের আধিকারিক সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। স্বাগত ভাষণ দেন বি ডি ও পরিতোষ বিশ্বাস। বনমহোৎসবের অতিথিগণ হাফলং টি ই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষ রোপণ করেন । অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় ।

১১ আগষ্ট বিশ্রামগঞ্জে ক্রীড়া প্রতিভা বৃত্তি প্রদান

বিশ্রামগঞ্জ, ৮ আগষ্ট ।। আগামী ১১ আগষ্ট বিশ্রামগঞ্জ মাল্টিপারপাস হলে ক্রীড়া প্রতিভা বৃত্তি প্রদান করা হবে ।২০১৬-১৭ অর্থবছরে জেলার অন্তর্গত সফল খেলোয়াড়দের এই বৃত্তি প্রদান করা হবে । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিতব্য এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন দপ্তরের মন্ত্রী সহিদ চৌধুরী । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দীন আহমেদ, বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা ও বিধায়ক কেশব দেববর্মা । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সিপাহীজলা জিলা পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জেসমিন সুলতানা ।

অমরপুরে প্রাকৃতিক বিপর্যয় নিয়ন্ত্রণে মহড়া অনুষ্ঠিত

অমরপুর, ৮ আগষ্ট ।। অমরপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ৪ আগষ্ট রাঙ্গামাটি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার উপর একটি মহড়া অনুষ্ঠিত হয় । এতে বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকা ছাড়াও টি এস আর-এর পঞ্চম ব্যাটেলিয়নের জওয়ানরা, অগ্নি নির্বাপক, স্বাস্থ্য দপ্তর, তথ্য ও সংস্কৃতি দপ্তর, আরক্ষা দপ্তর এবং রেডক্রস সোসাইটির সদস্যরা অংশ গ্রহণ করেন । এদিকে গত ২ আগষ্ট অম্পিনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়েও প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার উপর অনুরূপ একটি মহড়া অনুষ্ঠিত হয় ।

১৪ আগষ্ট সুকান্ত জন্মজয়ন্তী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি

আগরতলা, ৭ আগষ্ট ।। কবি সুকান্ত ভট্টাচার্যের জন্মজয়ন্তীতে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ১৪ আগষ্ট রবীন্দ্র শতবার্ষিকী ভবনের দ্বিতীয় প্রেক্ষাগৃহে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা ৬টায় । এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিশিষ্ট কবি শঙ্কর বসু । সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব এম এল দে এবং অধিকর্তা এম কে নাথ । অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হবে । এতে একক সঙ্গীত পরিবেশন করবেন ডালিয়া দাস,নীতা গোস্বামী, স্বর্নিমা দেবরায়, শিবপ্রসাদ ধর, শুভ্রাংশু চক্রবর্তী, হেমন্ত জমাতিয়া এবং ননীগোপাল জমাতিয়া। সমবেত আবৃত্তি পরিবেশন করবেন কবিতালোক কাব্যলোক এবং সৃষ্টির শিল্পীরা । একক নৃত্য পরিবেশন করবেন সর্বানী পাল । সমবেত সঙ্গীত পরিবেশন করবেন গীতাঞ্জলী (কলেজটিলা), গান্ডীব, সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের সদর উত্তরাঞ্চল কমিটি এবং শহরাঞ্চল কমিটি, আবর্তন,অধিরাজ দেববর্মা ও সহশিল্পীগণ । সমবেত নৃত্য পরিবেশন করবেন কিশোর মহলের সত্যজিৎ রায় ব্রিগেড, মায়া চক্রবর্তী ব্রিগেড, নলিনী কান্ত ব্রিগেড, অনিলকৃষ্ণ দেববর্মা ব্রিগেড এবং প্রীতিলতা ব্রিগেডের শিল্পীবৃন্দ ।রাজ্যের বিভিন্ন মহকুমায়ও তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কবি সুকান্তকে স্মরণ করা হবে ।

১০ আগষ্ট থেকে বিদ্যালয় স্তরে রাজ্য ভিত্তিক ভলিবল প্রতিযোগিতা

জিরানীয়া, ৭ আগষ্ট ।। বিদ্যালয় স্তরের অনূর্ধ্ব ১৭ রাজ্য ভিত্তিক ভলিবল প্রতিযোগিতা আগামী ১০ আগষ্ট পুরাতন আগরতলার মেলার মাঠে শুরু হবে । বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর ঐ দিন বিকেল ৪ টায় প্রতিযোগিতার উদ্বোধন করবেন । উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দিলীপ কুমার দাস । সভাপতিত্ব করবেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর আয়োজিত প্রতিযোগিতা চলবে ১২ আগষ্ট পর্যন্ত । প্রতিযোগিতায় সারা রাজ্য থেকে নির্বাচিত ৮টি বালক এবং ৮টি বালিকা দল অংশ নেবে । এর আগে ৯ আগষ্ট পশ্চিম জেলা ভিত্তিক ভলিবল প্রতিযোগিতাও একই স্থানে অনুষ্ঠিত হবে । এদিন সকাল ৯টায় প্রতিযোগিতা শুরু হবে । জেলার তিনটি মহকুমার ৩টি বালিকা এবং ৩টি বালকের দল প্রতিযোগিতায় অংশ নেবে।

রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস ঃ ৯ আগষ্ট শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান

আগরতলা, ৭ আগষ্ট ।। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ৯ আগষ্ট রবীন্দ্র শতবার্ষিকী ভবনের দ্বিতীয় প্রেক্ষাগৃহে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । সন্ধ্যা ৬টায় অনুষ্ঠানের সূচনা হবে । এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিশিষ্ট ভাস্কর ধ্রুব দাশ । সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব এম এল দে এবং অধিকর্তা এম কে নাথ । অনুষ্ঠানে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে কবিগুরুকে শ্রদ্ধা জানানো হবে । অনুষ্ঠানে একক সঙ্গীত পরিবেশন করবেন গুরুদীপন আচার্য, শায়ন্তন নাথ, উপমা দাস ব্রহ্ম, মাধবী সিনহা, অধিরাজ দেববর্মা । সমবেত সঙ্গীত পরিবেশন করবে আশা সঙ্গীত কেন্দ্র, পঞ্চনীড় এবং মালঞ্চের শিল্পীরা । সমবেত নৃত্য পরিবেশন করবেন পাঞ্চৌইবী, উত্তরা ডান্স একাডেমী, শিবম ডান্স একাডেমী, রুদ্রাক্ষ, নালন্দা, খুমুলুং মিউজিক কলেজ, প্রীতিলতা ব্রিগেড এবং অনিলকৃষ্ণ ব্রিগেডের শিল্পীবৃন্দ । একক নৃত্য পরিবেশন করবেন সংহিতা ঘোষ । সমবেত আবৃত্তি পরিবেশন করবেন দক্ষিণীর শিল্পীরা । একক আবৃতি পরিবেশন করবেন দীপক সাহা ।